ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০২৫

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

**সাইবার অপরাধ মোকাবিলায় ফরেনসিক প্রযুক্তিও ব্যবহারের জন্য রাজ্যপালের গুরুত্বারোপ**




ক্রমবর্ধমান সাইবার অপরাধ মোকাবিলার জন্য গতানুগতিক তদন্ত পদ্ধতির সাথে আধুনিক ফরেনসিক প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ আগরতলাস্থিত ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটিতে 'Innovation in the Field of Forensic Science and Cyber Security' সেমিনার এবং বার্ষিক পুরস্কার বিতরণী উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। প্রযুক্তিগত উন্নয়ন ও ডিজিট্যালাইজেশন-এর সাথে পাল্লা দিয়ে ক্রমবর্ধমান সাইবার প্রতারণা ও অপরাধমূলক ঘটনার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, প্রযুক্তির অপব্যবহার মানুষের মধ্যে বিশ্বাসযোগ্যতা কমিয়ে দিচ্ছে।

প্রযুক্তির অপব্যবহার থেকে এবং নিজেদের ডিজিট্যাল ভবিষ্যৎকে সুরক্ষিত রাখতে আধুনিক উদ্ভাবনীমূলক প্রযুক্তি সম্পর্কে উপযুক্ত ধারণা থাকা এবং গ্রহণযোগ্যতা থাকা দরকার বলে মন্তব্য করেন রাজ্যপাল। তিনি এব্যাপারে সবাইকে সতর্ক থাকতে পরামর্শ দেন। নিরাপদ ডিজিট্যাল ইকো-সিস্টেম তৈরী করতে এজাতীয় সেমিনার এর গুরুত্ব রয়েছে বলে তিনি অভিমত প্রকাশ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এনএফএসইউ ক্যাম্পাস ঘুরে দেখেন। তিনি একাডেমিক ব্লক, লাইব্রেরি, ইনস্ট্রুমেন্ট সেকশন ও অন্যান্য ল্যাবরেটোরিগুলিও পরিদর্শন করেন। এনএফএসইউ, আগরতলার ডাইরেক্টর ডা. এইচ কে প্রতিহার ও অন্যান্য শিক্ষকরা বিভিন্ন ল্যাবরেটোরির কার্যকারিতা সম্পর্কে রাজ্যপালকে ব্যাখ্যা করেন। পরে বোর্ড রুমে এক অডিও ভিজুয়্যাল প্রেজেন্টেশনের মাধ্যমে ত্রিপুরায় এনএফএসইউ-এর ইতিহাস ও স্থায়ী ক্যাম্পাস, ত্রিপুরা পুলিশকে ফরেনসিক সাহায্য প্রদান ইত্যাদি বিষয় তুলে ধরা হয়। রাজ্যপাল ইউনিভার্সিটির শিক্ষকদের সাথে মতবিনিময় করেন এবং অনুষ্ঠানের শুরুতে এনএফএসইউ ক্যাম্পাসে একটি বৃক্ষ রোপন করেন।

******